

ক্যান্টনমেন্ট বোর্ড
জালালাবাদ সেনানিবাস
সিলেট।
www.jcbs.gov.bd

নং- ২৩.২২.৭০১৩.০০২.৩৩.০০৬.২২-২৪৮

তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রণাধীন জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত শূন্য পদগুলো সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

ক্রমিক নম্বর	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/অন্যান্য যোগ্যতা	যে সব জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
(ক)	(খ)	(গ)	(ঘ)	(ঙ)
১.	মালী বেতনস্কেল: ৮২৫০-২০০১০/-	২(দুই)টি পুরুষ	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম অষ্টম শ্রেণি পাস। পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	সিলেট, নাটোর

শর্তাবলী

- আগামী ০৫/০৯/২০২২ খ্রিস্টাব্দ তারিখ হতে ৩০/০৯/২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট-৩১০৪ ঠিকানা বরাবর আবেদনপত্র ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। মিথ্যা, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর বয়স আগামী ৩০/০৯/২০২২ খ্রিস্টাব্দ তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত চাকরি ফরম ও প্রবেশপত্র জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ডের www.jcbs.gov.bd সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল রেকর্ড/কাগজপত্র ও সদ্য তোলা ৫×৫ সে.মি সাইজের ০৩(তিন) কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোনো শাখা থেকে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের নিম্নোক্ত রেকর্ড/কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার (যদি থাকে) মূল সনদপত্র। (খ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (গ) জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও জন্ম নিবন্ধন সনদের মূলকপি। (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- প্রার্থীর পিতা/মাতা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে হলে প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র। যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে।
- সরকার অনুমোদিত অন্যান্য কোটা প্রযোজ্য ক্ষেত্রে যথাযথভাবে অনুসরণ করা হবে।
- আবেদনকারী নিজ হাতে প্রবেশপত্র পূরণ করে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১(এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। নির্ভুল ঠিকানায প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১৫(পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫"×৪" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০১.০৯.২০২২
(মোছাঃ সেলিনা বানু)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জালালাবাদ ক্যান্টনমেন্ট, সিলেট।

ফোন : ৮৮০২৯৯-৬৬৪২৬৭২, ৯১৭-৩১৬২ (সামরিক)

ফ্যাক্স : ৮৮০২৯৯-৬৬৪২৭২১

E-mail: ceo_jalalabad@dmlc.gov.bd

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে।

১। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।

২। স্টেশন সদর দপ্তর সিলেট, সিলেট সেনানিবাস।

৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল), সেনানিবাস।

অনুলিপি : কার্যার্থে।

অফিস সুপার, ক্যান্টনমেন্ট বোর্ড, জালালাবাদ সেনানিবাস।